

এসএসসির ফরম পূরণের সময় আবার বেড়েছে

নিজস্ব প্রতিবেদক

২৩ মে ২০২১ ০০:০০ | আপডেট: ২৩ মে ২০২১ ০০:৪০

নতুন দায়ার শৈলী

আমাদের সময়

যেসব শিক্ষার্থী এখনো এসএসসি ও সমমানের পরীক্ষার ফরম পূরণ করতে পারেনি, তাদের জন্য ফের সুযোগ দিয়েছে শিক্ষা বোর্ড। আজ রবিবার থেকে আগামী ২৯ মে পর্যন্ত বিলম্ব ফি ছাড়াই শিক্ষার্থীরা ফরম পূরণ করতে পারবে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম আমিরুল ইসলাম গতকাল এ তথ্য জানান। তিনি বলেন, এসএসসি পরীক্ষা ২০২১-এর ফরম পূরণ গত ১ এপ্রিল থেকে ৮ এপ্রিল পর্যন্ত সম্পন্ন হয়েছে। কিন্তু করোনার বিস্তারের কারণে অনেক শিক্ষার্থী ফরম পূরণ করতে পারেনি। যারা ওই সময়ে ফরম পূরণ করতে পারেনি, তারা ২৩ মে থেকে ২৯ মে পর্যন্ত বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ করতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩০ মে।

উল্লেখ্য, করোনার সংক্রমণ বেড়ে যাওয়ায় গত ৪ এপ্রিল বিধিনিষেধ জারি করে সরকার। এর মধ্যেই চলছিল এসএসসি পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম। পরে বিষয়টি নিয়ে আপত্তি তোলেন শিক্ষক, শিক্ষার্থী ও স্কুল কর্তৃপক্ষ। এরই পরিপ্রেক্ষিতে ৫ এপ্রিল এসএসসি পরীক্ষার ফরম পূরণ কার্যক্রম স্থগিত করে শিক্ষা বোর্ড বোর্ডগুলো।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন দায়ার শৈলী

আমাদের সময়

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy